বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা-১০০০।
**www. bb.org.bd**

সার্কুলার পত্র নং-এফইপিডি(আমদানি নীতি)১২৩/২০১৩-২৮

তারিখ : ০৪ আশ্বিন, ১৪২০
১৯ সেপ্টেম্বর, ২০১৩

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

**ঋণপত্র খোলার সময় ঋণপত্র, বিল অব লেডিং ও অন্যান্য শিপিং ডকুমেন্ট এ অনুমোদিত ডিলার ব্যাংকের ১১ ডিজিটের নতুন ভ্যাট নিবন্ধন নম্বর (BIN) উল্লেখ প্রসঙ্গে।**

বাংলাদেশ ব্যাংক হতে ১৩/০৩/২০১৩ তারিখে জারিকৃত সার্কুলার পত্র নং এফইপিডি(আমদানি নীতি)/১২৩/২০১৩-০৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। আমদানিকারকের পক্ষে ঋণপত্র খোলার সময় আবশ্যিকভাবে আমদানিকারকের নাম ও ঠিকানার পাশাপাশি মূসক নিবন্ধন নম্বর (BIN) সুস্পষ্টভাবে ঋণপত্র, বিল অব লেডিং ও অন্যান্য শিপিং ডকুমেন্ট-এ উল্লেখ করা সংক্রান্ত জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা উক্ত সার্কুলার পত্রের মাধ্যমে আপনাদেরকে অবহিত করা হয়েছিল।

এক্ষণে আমদানিকারকের ১১ ডিজিটের মূসক নিবন্ধন নম্বর (BIN) এর পাশাপাশি ঋণপত্র স্থাপনকারী অনুমোদিত ডিলার ব্যাংকের ১১ ডিজিটের নতুন মূসক নিবন্ধন নম্বর (BIN) ঋণপত্র, বিল অব লেডিং ও অন্যান্য শিপিং ডকুমেন্ট-এ উল্লেখ করা সংক্রান্ত জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা (পত্র নং NBR/IT/AWIP/ADMIN-P(1)/12/202, তারিখঃ ১৮/০৯/২০১৩)-এর অনুলিপি আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্সঙ্গে সংযুক্ত করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

Mannan

(মোঃ আব্দুল মান্নান)
উপ মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৩১৯

সংযুক্তিঃ বর্ণনানুযায়ী

অতি জরুরী
বাহক/ইমেইলযোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা
ঢাকা-১০০০।

নথি নং NBR/IT/AWIP/ADMIN-P(1)/12/ ২০২ তারিখঃ ১৮/০৯/২০১৩

জনাব এস.কে. সুর চৌধুরী
ডেপুটি গভর্নর
বাংলাদেশ ব্যাংক

(দৃষ্টি আকর্ষনঃ মহা-ব্যবস্থাপক, ফরেন এক্সচেঞ্জ পলিসি ডিপার্টমেন্ট)

বিষয়ঃ আমদানিকারক হিসাবে ব্যাংকের নামের সাথে ভ্যাট নিবন্ধন নাম্বার (BIN) উল্লেখ প্রসংগে।

সূত্রঃ বাংলাদেশ ব্যাংকের সার্কুলার নংঃ এফইপিডি (আমদানি নীতি)১২৩/২০১৩-০৬, তারিখঃ ১৩-০৩-২০১৩।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে বাংলাদেশ কাস্টমস এর নতুন ASYCUDA World Automation System এর আওতায় সম্প্রতি এলসি, বিএলসহ অন্যান্য শিপিং দলিলাদির উপর আমদানিকারকের নামের পাশাপাশি সঠিক ১১ ডিজিটের নতুন ভ্যাট নিবন্ধন নাম্বার (BIN) উল্লেখ করা বাধ্যতামূলক করা হয়েছে। যে সকল আমদানি চালানের ক্ষেত্রে আমদানিকারক হিসাবে ব্যাংকের নাম উল্লেখ করা হবে (to the order of Bank) সে সকল ক্ষেত্রে ব্যাংকের নামের পাশাপাশি ব্যাংকের ১১ ডিজিটের নতুন ভ্যাট নিবন্ধন নাম্বার (BIN) উল্লেখ করতে হবে। উল্লেখ্য, ব্যাংক যেহেতু কেন্দ্রীয়ভাবে একটি ভ্যাট নিবন্ধন নাম্বার (BIN) ব্যবহার করে, তাই ব্যাংকের যে এডি শাখা হতেই এলসিটি খোলা হোক না কেন - এক্ষেত্রে উক্ত ভ্যাট নিবন্ধন নাম্বার (BIN)- টি উল্লেখ করতে হবে। এডি শাখার সঠিক তথ্য এডি কোডসহ পরবর্তীতে কাস্টমস বিল অব এন্ট্রিতে ধারণ করা হবে।

০২। এ লক্ষ্যে যে সকল ব্যাংক এখনও তাদের নতুন ১১ ডিজিটের ভ্যাট নিবন্ধন নাম্বার (BIN) সম্বলিত মূল্য সংযোজন কর সনদপত্রটি নিকটস্থ মূল্য সংযোজন কর কার্যালয় হতে সংগ্রহ করেনি, তাদের অবিলম্বে তা করতে হবে। ইতোমধ্যে এলসি খোলার জন্য ব্যাংকের নতুন ১১ ডিজিটের ভ্যাট নিবন্ধন নাম্বার (BIN) টি জানতে হলে নিম্নের ওয়েব লিংকে তা দেখা যেতে পারেঃ

http://customs.gov.bd/portal/documents.jsf

০৩। বিষয়টি একটি সার্কুলারের মাধ্যমে সকল ব্যাংক-কে জানানো এবং তা প্রতিপালনের নির্দেশনা প্রদানের জন্য আপনাকে বিনীত অনুরোধ করা হলো।

২৮/৯/১৩

(ফাহাদ আল ইসলাম)
দ্বিতীয় সচিব (শুল্ক)
ও
উপ-প্রকল্প পরিচালক, এ্যাসাইকুডা ওয়ার্ল্ড কমপ্লায়েন্স
টেলিফোনঃ ০২-৯৩৫০৪২৭
Email: alislam@customs.gov.bd